# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুকে সালাত আদায় করার জন্য সামনে এগিয়ে দেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নির্দেশে; নিজের পক্ষ থেকে নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ بِلَالًا قَدَّمَ أَبَا بَكْرٍ لِيُصَلِّيَ بِهِمْ هَذِهِ الصَّلَاةَ بِأَمْرِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا مِنْ تِلْقَاءِ نَفْسِهِ

আরবী

2258 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا خَلَفُ بْنُ هِشَامٍ الْبَزَّارُ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: كَانَ قِتَالٌ بَيْنَ بَنِي عَمْرِو بْنِ عَوْفٍ فَأَتَاهُمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِيُصْلِحَ بَيْنَهُمْ وَقَدْ صَلَّى الظُّهْرَ فَقَالَ لِبِلَالٍ: (إِنْ حَضَرَتِ صَلَاةُ الْعَصْرِ وَلَمْ آتِ فَمُرْ أَبَا بَكْرٍ فليصلِ بِالنَّاسِ) فَلَمَّا حَضَرَتْ صَلَاةُ الْعَصْرِ أَذَّنَ بِلَالٌ وَأَقَامَ وَقَالَ: يَا أَبَا بَكْرٍ تقدم فَتَقَدَّمَ أَبُو بَكْرٍ فَجَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَشُقُّ الصُّفُوفَ فَلَمَّا رَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّاسُ صفَّحوا قَالَ: وَكَانَ أَبُو بكر إذ دَخَلَ فِي الصَّلَاةِ لَمْ يَلْتَفِتْ فَلَمَّا رَأَى التَّصْفِيحَ لَا يُمْسَكُ عَنْهُ الْتَفَتَ فَرَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَلْفَهُ فَأَوْمَأَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنِ امضِ فَلَبِثَ أَبُو بَكْرٍ هُنَيَّة فَحَمِدَ اللَّهَ عَلَى قَوْلِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنِ امْضِ ثُمَّ مَشَى أَبُو بَكْرٍ الْقَهْقَرَى عَلَى عَقِبِهِ فَلَمَّا رَأَى ذَلِكَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَقَدَّمَ فَصَلَّى بِالْقَوْمِ صَلَاتَهُمْ فَلَمَّا قَضَى صلاتهُ قَالَ: (يَا أَبَا بَكْرٍ مَا مَنَعَكَ ـ إِذْ أَوْمَأْتُ إِلَيْكَ ـ أَنْ لَا تَكُونَ مَضَيْتَ) قَالَ أَبُو بَكْرٍ: لَمْ يَكُنْ لِابْنِ أَبِي قُحَافَةَ أَنْ يَؤُمَّ رسول الله صلى الله عليه وسلم ثم قَالَ لِلنَّاسِ: (إِذَا نَابَكُمْ فِي صَلَاتِكُمْ شَيْءٌ فَلْيُسَبِّحِ الرجال ولْتُصَفِّقِ النساء)

الراوي : سَهْلِ بْنِ سَعْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2258 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيح)) ـ أيضاً ـ (869): خ , دون قوله لبلال: ((وإن حضرت الصلاة .... فليصل بالناس)).

বাংলা

২২৫৮. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “বানী আমর বিন আওফ গোত্রের মাঝে বিবাদ ছিল, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে যান, তাদের সেই বিবাদের মীমাংসা করার জন্য। এসময় তিনি যোহরের সালাত আদায় করেছেন। অতঃপর তিনি বিলাল  রাদ্বিয়াল্লাহু আনহুকে বলেন, “যদি আসরের সালাতের সময় হয়, আর আমি না আসি, তবে তুমি আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুকে আদেশ করবে, তিনি যেন লোকদের নিয়ে সালাত আদায় করেন।” অতঃপর আসরের সালাতের সময় হলে বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু আযান ও ইকামত দেন এবং বলেন, “হে আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু, সামনে অগ্রসর হোন।” অতঃপর আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু সামনে অগ্রসর হন। এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাতার ফাঁড়ি দিয়ে (প্রথম কাতারে) আসেন। যখন লোকজন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেন, তখন তারা করতালি দেওয়া শুরু করেন। আর আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু সালাতে শুরু করলে, এদিক-ওদিক তাকাতেন না। কিন্তু যখন দেখলেন যে করতালি দেওয়া থামছে না,  তখন তিনি পিছনে তাকান এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পিছনে দেখতে পান, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ইশারায় বলেন, “আপনি আপনার সালাত অব্যাহত রাখুন।” অতঃপর তিনি কিছুক্ষন অবস্থান করেন, এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে আদেশ করেছেন, “আপনি আপনার সালাত অব্যাহত রাখুন” এজন্য তিনি আল্লাহর প্রশংসা করেন। অতঃপর তিনি পিছনে ফিরে আসেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সেটা দেখলেন, তখন সামনে অগ্রসর হন এবং লোকদের নিয়ে সালাত আদায় করেন। অতঃপর যখন সালাত শেষ করেন, তখন বলেন, “হে আবূ বকর, যখন আমি আপনাকে ইশারা করলাম, তখন আপনাকে সালাত অব্যাহত রাখতে কীসে বারণ করলো?” আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আবূ কুহাফার বেটার এই অধিকার নেই যে, সে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ইমামতি করবে!” অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের বলেন, “তোমাদের কারো সালাতে কোন কিছু আরোপিত হবে, তখন পুরুষরা যেন ‘সুবহানাল্লাহ’ বলে আর নারীরা যেন করতালি দেয়।”[1]

ফুটনোট

[1] তাবারানী: ৫৯৩২; মুসনাদ আহমাদ: ৫/৩৩২; সহীহ আল বুখারী: ৭১৯০; আবূ দাঊদ: ৯৪১; নাসাঈ: ২/৮২-৮৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৫৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২২৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91576

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন